



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২১০

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৭  
১২ আগস্ট ২০২০

বিষয়: মহামান্য আদালতে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলা ২৫.০৭.১৯ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশের আলোকে ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এর বিষয়ে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এর আবেদন তারিখ: ২২.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনে জানানো হয় যে, ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ রেজা উল্লাহ গত ১৮.০৩.১০ খ্রি. তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ২০.০৩.১০ খ্রি. তারিখে যোগদান করা হয়। সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ রেজা উল্লাহ কর্তৃক একাধিকবার আবেদন করেও এমপিওভুক্ত হতে না পারায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ দায়ের করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় গত ২৫.০৭.১৯ খ্রি. তারিখের নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly, the Rule is disposed of. The respondents concerned are directed to consider the petitioner's prayer/claim for enlistment of his in the Monthly Payment Order (MPO) and release the same expeditiously from the date of receipt of the copy of the judgment and order of this court if he is not found otherwise disqualified in accordance with law.

০৩। উক্ত রায়/আদেশের আলোকে ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ রেজা উল্লাহ কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।

০৪। মহামান্য আদালতের উক্ত নির্দেশনার (রিট পিটিশন নং-১০৩৮০/১৯) আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এর বিষয়ে নিম্নবর্ণিত তথ্য প্রয়োজনঃ-

- জনাব মোহাম্মদ রেজা উল্লাহ ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে নিয়োগপত্র পেয়েছিলেন কিনা? না পেয়ে থাকলে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলার আর্জিতে নিয়োগপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কী (প্রমাণকসহ)?
- জনাব মোহাম্মদ রেজা উল্লাহ ডুজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে কত তারিখে যোগদান করেছিলেন? জনবল কাঠামোর কোন নীতিমালার আওতায় তিনি যোগদান করেছিলেন? সহকারী সুপার হিসেবে জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এর যোগদান সঠিক না হলে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলার আর্জিতে বর্ণিত যোগদানপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কী (প্রমাণকসহ)?
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫.১১.১২ খ্রি. তারিখের বামার্শিবা/প্রশা/৮৮২/নবাব-৭৪ সংখ্যক পত্রে বর্ণিত মাদ্রাসার সহঃ সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ ইউএনও, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর তদন্তে ভিত্তিহীন বলে প্রমাণিত হয়েছে এবং তার সহঃ সুপার পদে নিয়োগ সম্পূর্ণ বৈধ মর্মে উল্লেখ করা হয়েছে তা সঠিক কিনা? সঠিক না হয়ে থাকলে বোর্ডের উক্ত সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? হয়ে থাকলে এর ফলাফল কী (প্রমাণকসহ)?
- জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এমপিওভুক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল কিনা?
- বর্ণিত সহকারী সুপারিনটেনডেন্ট এর এমপিওভুক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ না করার কারণ কী? এর জন্য দায়ী কে?
- জনাব মোহাম্মদ রেজা উল্লাহ এমপিওভুক্তির বিষয়ে কোন আইনগত সমস্যা আছে কিনা? থাকলে তা উল্লেখ করতে হবে।

০৫। এমতাবস্থায়, উপরিউক্ত মতে তথ্য (প্রমাণকসহ) আগামী ৩১.০৮.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। ব্যর্থতায় জনবল কাঠামো-২০১৮ এর অনুচ্ছেদ ১৮.১ এর (খ) অনুযায়ী মহোদয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে অবহিত করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

সুপার  
ডুজইল দাখিল মাদ্রাসা, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব মোহাম্মদ রেজা উল্লাহ, সহকারী সুপারিনটেনডেন্ট, ডুজইল দাখিল মাদ্রাসা, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।